# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

কালিগঞ্জ, সাতক্ষীরা

অক্টোবর ২০১৯ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

অধিবেশন নং - ০৭/২০১৯

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ৩১-১০-২০১৯
সময় ঃ বেলা ১১-৩০ টা
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় । কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় উহা দৃঢ়করণ করা হয় । অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয় ।

০১। উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটি গঠন সংক্রান্ত ঃ

উপজেলা পরিষদের স্থায়ী কমিটি উপজেলা পরিষদকে সহায়তা প্রদানের নিমিত্ত এবং নীতিমালার আলোকে উপজেলা পরিষদ উহার কার্যাবলী সুচারুরুপে সম্পাদনের লক্ষ্যে আলোচনা পূর্বক সর্বসম্মতভাবে নিম্নবর্ণিতভাবে ০৭(সাত) সদস্য বিশিষ্ট ১৭টি স্থায়ী কমিটি গঠন করা হয়।

## উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটি

**০১.আইন-শৃঙ্খলা কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য- সচিব | |
| ০৭ | অফিসার-ইন-চার্জ, কালিগঞ্জ থানা | | |

**০২. যোগাযোগ ও ভৌত অবকাঠমো উন্নয়ন কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য- সচিব | |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ | | |

**০৩. কৃষি ও সেচ কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য- সচিব | |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ | | |

**০৪. মাধ্যমিক ও মাদ্রসা শিক্ষা কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |

| | | | |
|---|---|---|---|
| ০২ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

০৫. প্রাথমিক ও গনশিক্ষা কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

০৬. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোঃ এনামুল হোসেন, চেয়ারম্যান, তারালী ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব শেখ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরি:পরি: অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

০৭. যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ আশরাফুল হোসেন, চেয়ারম্যান, রতনপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

০৮. মহিলা ও শিশু উন্নয়ন কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব কাজী রফিকুল ইসলাম, চেয়ারম্যান, মৌতলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব শেখ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আশরাফুল হোসেন, চেয়ারম্যান, রতনপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

০৯. সমাজকল্যাণ কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোঃ এনামুল হোসেন, চেয়ারম্যান, তারালী ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| | | সদস্য | |
| ০৪ | জনাব শেখ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আশরাফুল হোসেন, চেয়ারম্যান, রতনপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য- সচিব | |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ | | |

১০. মুক্তিযোদ্ধা কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

১১. মৎস্য ও প্রাণি সম্পদ কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব কাজী রফিকুল ইসলাম, চেয়ারম্যান, মৌতলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

১২. পল্লী উন্নয়ন কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

১৩. সংস্কৃতি কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোঃ এনামুল হোসেন, চেয়ারম্যান, তারালী ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব শেখ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আশরাফুল হোসেন, চেয়ারম্যান, রতনপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

১৪. বন ও পরিবেশ কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব নূর মোহাম্মাদ বিশ্বাস, চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা ফরেস্টার অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

১৫. বাজার মূল্য পর্যক্ষেণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিল ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোঃ এনামুল হোসেন, চেয়ারম্যান, তারালী ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব শেখ রিয়াজ উদ্দিন, চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ এবাদুল ইসলাম, চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

১৬. অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি ঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ নাজমুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ আজিজুর রহমান, চেয়ারম্যান, নলতা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | জনাব কাজী রফিকুল ইসলাম, চেয়ারম্যান, মৌতলা ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

**১৭. জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানির সরবরাহ কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম/ পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব দিপালী রানী ঘোষ,(মহিলা ভাইস) চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিগঞ্জ | আহবায়ক | |
| ০২ | জনাব গাজী শওকাত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৩ | জনাব মোছাঃ আকলিমা খাতুন, চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব প্রশান্ত কুমার সরকার, চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ আশরাফুল হোসেন, চেয়ারম্যান, রতনপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি, কালিগঞ্জ | সদস্য | |
| ০৭ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কালিগঞ্জ | সদস্য- সচিব | |

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। <u>উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ</u> উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন উপলক্ষ্যে কালিগঞ্জ ফুলতলা মৎস্য সেট সংলগ্ন কাঁচা বাজারে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের অধীনে নির্মান কাজ চলমান। বাজারটিতে ৫টি সেড, ২টি গাববেস সিট, ১টি টিউবওয়েল ও কিছু সিসি রোড এর কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, এলজিইডি'র নন-মিউসিপ্যাল প্রকল্পের আওতায় আরসিসি সড়ক কালিগঞ্জ এম এম প্লাজা মোড় হতে ডাকবাংলা মোড় ভায়া বাজারগ্রাম পাড়া এবং উপজেলা সরকারী পাইলট হাই স্কুল ও কালিগঞ্জ সদর প্রাইমারী স্কুল এবং উপজেলা সরকারী পাইলট হাই স্কুল হতে পোষ্ট অফিস মোড় পর্যন্ত চেইনেজ ০০-৭০০ মিঃ সড়ক যার আইডি নং ২৮৭৪৭৪০৬৮ (প্রস্তাবিত)। একই প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট কালিগঞ্জ ফুলতলা বাজারে স্থান নির্ধারণ করা হয় এবং কালিগঞ্জ আরএন্ডএইচ হতে নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ জিসি ও রতনপুর জিসি সড়কে উভয় পার্শ্বে আরসিসি ড্রেন চেইনেজ ০০-৫০০ মিঃ যা ফুলতলা হতে ডাকবাংলা হয়ে কাঁকশিয়ালী নদী পর্যন্ত আরসিসি ড্রেন চেইনজ (০০-৫০০x২) = ১০০০ মিঃ। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনা পর উক্ত স্থান সমূহে কাজ বাস্তবায়নের সর্ব সম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ২.০২ <u>মৎস্য বিভাগের কার্যক্রম</u> ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা পুনঃ সভায় জানান যে, কালিগঞ্জ উপজেলা মৎস্য সম্পদে সমৃদ্ধি একটি উপজেলা। এ উপজেলার অধিকাংশ মৎস্যচাষী চিংড়ী চাষের সাথে জড়িত হলেও অনেক মিষ্টি পানির পুকুরে সারা বছর সাদা মাছের চাষ করা হয়। এছাড়া অধিকাংশ ঘেরে বর্ষার সময় চিংড়ীর সাথে সাদা মাছের চাষ করা হয়। কিন্তু সাদা মাছের ভাল পোনার অভাবে চাষীরা কাংখিত উৎপাদন হ্যাচারীতে পাচ্ছে না। হ্যাচারীতে ভালো পোনা পেতে হলে ভাল ব্রুড আবশ্যক। কিন্তু অধিকাংশ হ্যাচারীতে ভালো ব্রুডের অপ্রতুল্যতা রয়েছে। এ সমস্যা সমাধানের জন্য ব্রুড ব্যাংক তৈরী করা যেতে পারে। উপজেলা পরিষদের অর্থায়নে হালদা নদীর পোনা এনে মৌতলায় অবস্থিত নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্রের মধ্যে আগ্রহী চাষীর ৩-৪টি পুকুর নিয়ে গুনগত মানের ব্রুড তৈরী করতে পারি এবং সে ব্রুড থেকে হ্যাচারীতে রেনু তৈরি করতে পারি তাহলে সাধারণ মৎস্য চাষীরা সুলভ মূল্যে ভালো মানের পোনা পাবে। মাছের উৎপাদন বৃদ্ধি পাবে চাষীরা লাভবান হবে।<br><br>তাছাড়া ক্লাস্টার ভিত্তিক মৎস্য ও চিংড়ী চাষ মানসম্মতভাবে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে স্থায়ী মৎস্য চাষী সমিতির গলদা এবং বাগদা হ্যাচারীর সহযোগিতায় নিরাপদ মৎস্য পল্লী ট্রেনিং স্থাপনে সহযোগিতা করার জন্য উক্ত উদ্যোক্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সাথে সাথে সমবায় এর রেজিস্ট্রেশন, দক্ষতা বৃদ্ধিতে অনুষ্ঠান পরিচালনায় সহযোগিতা করার জন্য মৎস্য, সমবায়, যুব উন্নয়ন বিভাগকে অনুরোধ করা হয়। প্রশিক্ষণ ব্যয় উপজেলা পরিষদ, সংশ্লিষ্ট বিভাগসহ উদ্যোক্তাদের অংশিদারিত্বের মধ্যে সমন্বয় করে নির্বাহের বিষয়ে আলোচনা হয়। | ১ মৌতলায় অবস্থিত নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্রের মধ্যে আগ্রহী চাষীর ৩-৪টি পুকুর নিয়ে গুনগত মানের ব্রুড তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। নিরাপদ মৎস্য পল্লী ট্রেনিং স্থাপনে সহযোগিতা করার জন্য উক্ত উদ্যোক্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ সংক্রান্তে প্রশিক্ষণ ব্যয় উপজেলা পরিষদ, সংশ্লিষ্ট বিভাগসহ উদ্যোক্তাদের অংশিদারিত্বের মধ্যে সমন্বয় করে [illegible] নির্বাহের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৩। <u>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় এবং কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ২.০৪। <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এ প্রসংগে সভায় জানানো হয় যে, যমুনা নদীর দু'পাড়ে পানি উন্নয়ন বোর্ডের জায়গা অবৈধ দখলদারদের নিকট হতে উচ্ছেদ করে হতদরিদ্র পরিবার যাদের ২ থেকে ১০ শতাংশ জমি রয়েছে তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আশ্রয়ণ - ২ প্রকল্পের আওতায় অগ্রাধিকার দিয়ে পুর্নবাসন করার ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করা হয়। | যমুনা নদীর দু'পাড় হতে উচ্ছেদকৃত হতদরিদ্র পরিবার যাদের ২ থেকে ১০ শতাংশ জমি রয়েছে তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় অগ্রাধিকার দিয়ে পুর্নবাসন করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৫। <u>উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা-এর প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | কালিগঞ্জ উপজেলা প্রাণি সম্পদ বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ২.০৭। <u>উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৮। <u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ-এর প্রতিনিধি জনাব একেএম মোস্তাফিজুর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁদের বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো জানান বিগত ২৭/০৬/২০১৯ তারিখ উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীর ২.০৮ নং অনুচ্ছেদে সহকারী শিক্ষা অফিসার জনাব মোঃ ওমর ফারুক,৩৮নং মৌতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বাবু শংকর কুমার, নলতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব আনারুল ইসলাম আইটি অভিজ্ঞদের সমন্বয়ে প্রাথমিক বিদ্যালয়ের ডিজিটাল হাজিরার সফটওয়ার ক্রয় প্রসংগে বলেন সহকারী শিক্ষা অফিসার ও শিক্ষকদের পরিবর্তে উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জসহ বিভাগীয় কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো।<br><br>ডিজিটাল হাজিরার সফটওয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে আগামী সভায় বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা [illegible] অফিসার,কালিগ[illegible] সাতক্ষীরা |
| ২.৯। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১০। <u>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরা |
| ২.১১। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১২। <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৩। <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসের বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৪। <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম</u> ঃ সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ২.১৫। <u>জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে । আপাততঃ কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৬। <u>বন বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সভায় জানান এ উপজেলায় বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই । | বন বিভাগের কার্যক্রমের ধারা এ উপজেলায় অব্যাহত রাখার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৭। খাদ্য বিভাগের কার্যক্রম ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখা সহ দ্রুত সংগ্রহ কার্যক্রম শেষ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের ক্রার্যক্রমঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জকে আগামী সভায় উপস্থিত হয়ে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য পুনঃ অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.১৯ আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সভায় জানানো হয় যে, উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | আমার বাড়ী আমার খামার প্রকল্পে সমাবেশের মাধ্যমে সমিতিতে সদস্য অন্তর্ভুক্তির ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ |
| ২.২০ পানি উন্নয়ন বোর্ড ঃ উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ সভাকে অবহিত করেন যে, ওয়াপদার ঝুঁকিপূর্ণ ভেড়ীবাঁধ মেরামতের কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। আপাততঃ কোন সমস্যা নেই। | এ উপজেলার ঝুঁকিপূর্ণ ওয়াপদার ভেড়ীবাঁধ দ্রুত মেরামতের ব্যবস্থা নিতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন সংক্রান্ত ঃ<br>৩.১। উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্ধারণ বিষয়ক ঃ<br>সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের অধিকাংশ ভবন দীর্ঘদিনের পুরাতন ও জরাজীর্ণ অবস্থায় রয়েছে। সে কারণ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে এ উপজেলার অনুকূলে প্রস্তাব অনুমোদিত হয়েছে। সুতরাং উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্ধারণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় জানানো হয় যে, জরাজীর্ণ কোর্ট ভবনের স্থানে নতুন কমপ্লেক্স ভবনের জায়গা সংকুলান হবে না, সে কারণ উপজেলা পরিষদের দৃষ্টি নন্দন অন্য যে কোন স্থানে নতুন কমপ্লেক্স ভবনের স্থান নির্ধারণ করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) উপজেলা পরিষদের অভ্যন্তরে ডরমেটরী এবং অফিসার্স ক্লাবের সামনে স্কেচ ম্যাপ অনুযায়ী ১০০ x ১০০ ফুট জমির সীমানা চিহ্নিতকরণসহ "উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন" নির্মাণের স্থান সর্বসম্মতিক্রমে নির্ধারিত হয়। যেহেতু ভবন নির্মাণে উপজেলা পরিষদ সংক্রান্তে সকল সিদ্ধান্ত ও কার্য সমাপ্ত হয়েছে তাই ভবন নির্মাণের বাকী কাজ দ্রুত এগিয়ে নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩.২। সুন্দরবনের ভ্রমণকারী পর্যটকদের ভ্রমণ পূর্বপ্রস্তুতি ইকোপার্ক ঃ<br>সভায় জানানো হয়, যমুনা নদীর উপর প্রস্তাবিত ব্রীজ হতে পিরোজপুর থেকে মৌতলা পর্যন্ত সড়ক ও জনপদ এবং পানি উন্নয়ন বোর্ডের খালি/পরিত্যাক্ত জায়গায় সুন্দরবনের ভ্রমণকারী পর্যটকদের ভ্রমণ পূর্বপ্রস্তুতি নিমিত্ত ইকোপার্ক এবং পর্যটকদের আবাসিক ব্যবস্থা যা সুন্দরবন ভ্রমণের পূর্ব প্রস্তুতি বিশ্রামস্থলকে আকৃষ্ট করতে ইতোমধ্যে প্রত্মতত্ব বিভাগের পরিদর্শনকৃত প্রবাজপুর শাহী মসজিদ, মৌতলা,জাহাজ ঘাটা, নামাজগড় ঈদগাহ খানপুর জাহাজ ঘাটা, বাশঝাড়িয়া ম্যানগ্রোভবন সুন্দরবনে ভ্রমণের প্রাক পর্যটন দেশী বিদেশী পর্যটকদের আকৃষ্ট করতে বর্ণিত প্রকল্প তৈরি বিষয়ে প্রস্তাব করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সড়ক ও জনপদ এবং পানি উন্নয়ন বোর্ডের খালি জায়গা অবৈধ দখলদারদের উচ্ছেদ করা ও পিরোজপুর থেকে মৌতলা অসমাপ্ত খাল খননসহ ২ থেকে ১০ শতাংশ জমির মালিকদের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত পুর্নবাসন প্রকল্পের আওতায় আনা এবং অবশিষ্ট ভূমিহীনদের গৃহায়ন প্রকল্প থেকে পুর্নবাসন করার ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করা হয়। এছাড়া যমুনা নদী সংলগ্ন ইকো পার্কের দু'ধারে সুন্দরবনের অনুকরণে ম্যানগ্রোভ উদ্ভিদ রোপন করে এর | ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের মাধ্যমে যমুনা খালের দু'পাশ হতে দখল উচ্ছেদ করার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২। যমুনা খালের দু'পাশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ইকোপার্ক নির্মানের নিমিত্ত বাজেট বরাদ্দের জন্য চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। যমুনা খালের দু'পাড় হতে উচ্ছেদকৃত মানুষদের পুনর্বাসনের জন্য প্রকল্প পরিচালক, আশ্রয়ন-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>৩) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>৪) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ<br>৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ<br>৬) ফরেষ্টার, বন বিভাগ, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| সৌন্দর্য বর্ধনের বিষয়ে আলোচনা করা হয়। খালের দু'পাশের অবৈধ বসতি উচ্ছেদের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে বাজেট চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত বাজেট প্রেরণে প্রস্তুতি সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয় হতে নেয়া হচ্ছে। অন্যদিকে যমুনা খালের দু'পাশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ইকোপার্ক নির্মানের জন্য বাংলাদেশ পর্যটন কর্পোরেশন বরাবর পত্র প্রেরণ করা প্রয়োজন । উচ্ছেদকৃত মানুষদের পুনর্বাসনের জন্য আশ্রয়ন প্রকল্পের বরাদ্দের জন্য পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ৩.৩। <u>ব্লু ইকোনোমি প্রকল্প/ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন</u> ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস এর প্রকল্প, বিএডিসি ও এলজিইডি, উপজেলা সমবায়, কৃষি, মৎস্য অফিস এর সমন্বয় এসডিজি-এর লক্ষ্য মাত্রা অর্জন, জলবদ্ধতা দূরীকরণ, টেকসই উন্নয়ন, লবন পানির মৎস্য ঘেরের ভেড়ীতে উদ্ভাবনীর মাধ্যমে কৃষি কার্যক্রম গ্রহন, খাদ্য নিরাপত্তার বিষয়ে সর্বোর্চ্চ গুরুত্ব দিয়ে তা বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। তৎপ্রেক্ষিতে জেলা প্রশাসক সাতক্ষীরা মহোদয়ের *"ক্লিন সাতক্ষীরা, গ্রিন সাতক্ষীরা"* বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধানগণকে ভূমিকা রাখার জন্য অনুরোধ করা হয়। | জলবদ্ধতা দূরীকরণ, টেকসই উন্নয়ন, লবন পানির মৎস্য ঘেরের ভেড়ীতে উদ্ভাবনীর মাধ্যমে কৃষি কার্যক্রম গ্রহন, খাদ্য নিরাপত্তা, *"ক্লিন সাতক্ষীরা, গ্রিন সাতক্ষীরা"* বাস্তবায়ন, নিরাপদ মৎস্য পল্লী বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>৩) উপজেলা কৃষি,মৎস্য,সমবায় ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ<br>৪) ফরেষ্টার, সামাজিক বন বিভাগ, কালিগঞ্জ |
| ৩.৪। <u>আইসিটি সংক্রান্ত</u> ঃ উপজেলা পর্যায়ে সকল সরকারি/বে-সরকারি দপ্তর/ সকল শিক্ষা প্রতিষ্ঠান এর ওয়েব পোর্টাল(তথ্য বাতায়ন) অতিদ্রুত হালনাগাদ করার বিষয়ে পুনঃ বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া সকল দপ্তরের সব ধরনের চিঠিপত্র অনলাইনে আদান-প্রদান করার গুরুত্ব আরোপ করা হয়। উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর সমূহের তথ্য বাতায়ন আপলোড করার জন্য সহকারি প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ানকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | সরকারি/বে-সরকারি দপ্তর/ সকল শিক্ষা প্রতিষ্ঠান এর ওয়েব পোর্টাল(তথ্য বাতায়ন) অতিদ্রুত হালনাগাদ, সকল দপ্তরের সব ধরনের চিঠিপত্র অনলাইনে আদান-প্রদান এবং উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর সমূহের তথ্য বাতায়ন আপলোড করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) সকল সরকারি/বে-সরকারি দপ্তর প্রধান।<br>২) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।<br>৩) সহকারি প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ান। |
| ৩.৫। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসে এ্যাম্বুলেন্স <u>সরবরাহ সংক্রান্তঃ</u><br>সভায় জানানো হয় যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়াধীন একটি জরুরী সেবামূলক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের কার্যক্রম জনগণের সেবার নিবেদিত। রুপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা এবং সেবার মান বৃদ্ধির ক্ষেত্রে যেমন অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা, রোগী পরিবহন কার্যক্রম পরিচালনার জন্য এ্যাম্বুলেন্স-এর প্রয়োজন হয় কিন্তু কালিগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসে কোন এ্যাম্বুলেন্স নেই । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় আরো জানানো হয় যে, কালিগঞ্জ একটি দুর্যোগ প্রবণ এলাকা দুর্যোগের সময়ে সকলে আত্মরক্ষার্থে আশ্রয় নেয়, ফলে জরুরী প্রয়োজনে রিকুইজিশনের জন্য কোন গাড়ী পাওয়া যায় না। জরুরী ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য ১ (এক) টি পিক-আপ বরাদ্দের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ১। কালিগঞ্জ একটি জনবহুল এবং দুর্যোগ প্রবণ এলকা হওয়ায় ফায়ার সার্ভিসের কার্যক্রম এখানে খুবই গুরুত্বহ । এ্যাম্বুলেন্স না থাকার কারণে ফায়ার সার্ভিসের কার্যক্রম বিঘ্নিত হচ্ছে । জরুরী দুর্যোগ মোকাবেলাসহ জনস্বার্থে ০১ (এক) টি এ্যাম্বুলেন্স সরবরাহ দেয়ার জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,ঢাকা-এর সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>২। কালিগঞ্জ একটি দুর্যোগ প্রবণ এলাকা দুর্যোগের সময়ে জরুরী ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য ১ (এক) টি পিক-আপ গাড়ী বরাদ্দের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১।মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,ঢাকা।<br>২। মহাপরিচালক, ত্রাণ ও দুর্যোগ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। |
| ৩.৬। উপজেলা পরিষদের গেট নির্মাণ ও বাউন্ডারি ওয়াল নির্মাণ বিষয়কঃ<br>সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল না থাকায় পরিষদ নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে। সে জন্যে উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ, বাউন্ডারী ওয়াল ও গেট নির্মাণ-এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | কালিগঞ্জ উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ, বাউন্ডারী ওয়াল ও গেট নির্মাণ এর জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয় ঃ<br>(১) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কালিগঞ্জ -আহবায়ক<br>(২) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কালিগঞ্জ - সদস্য<br>(৩) চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউ,পি-সদস্য<br>(৪) চেয়ারম্যান, বৃষ্ণপুর ইউ,পি-সদস্য<br>(৫) চেয়ারম্যান,মথুরেশপুর ইউ,পি-সদস্য<br>(৬)উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,কালিগঞ্জ, সদস্য | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| | (৭) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ-সদস্য-সচিব<br>বর্ণিত কমিটি উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ, বাউন্ডারী ওয়াল ও গেট নির্মাণের জন্য স্থান নির্ধারণ করবেন। | |
| ৩.৭। ভূমিহীনদের জন্য ঘর নির্মাণ সংক্রান্তঃ<br>রুপকল্প ২০২১ বাস্তবায়নের অংশ হিসেবে ভূমিহীনদের জন্য সরকারি খাস জমি/ স্বেচ্ছায় দানকৃত ব্যক্তি মালিকানাধীন জমি ও ঘর নির্মাণ বিষয়ে আলোচনা করা হয়। | ভূমিহীনদের জন্য একই স্থানে, একই ভবনে অধিক সংখ্যক ভূমিহীনকে পুনর্বাসনের নিমিত্ত জনাব গাজী শওকত হোসেন, চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা ১ (এক) বিঘা জমি দান করবেন মর্মে সকলকে আশ্বস্ত করেন। সে জন্য সভার পক্ষ থেকে চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউনিয়ন পরিষধ, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.৮। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে সুপেয় পানির ব্যবস্থা বাস্তবায়ন সংক্রান্ত ঃ<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে এ উপজেলায় সুপেয় পানির ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে বড় দীঘি/ পুকুর খননের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে এ উপজেলায় সুপেয় পানির ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে বড় দীঘি/ পুকুর খননের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.৯। খাদ্য গুদাম নির্মাণ বিষয়ক ঃ<br>সভায় জানানো হয় যে, কলিগঞ্জ উপজেলার জন্য বসন্তপুর যে খাদ্য গুদাম রয়েছে সেটি উপজেলা থেকে অনেক দূরে অবস্থিত এবং যোগাযোগ ব্যবস্থা একেবারে নাজুক। গোডাউনে যেতে যে রাস্তাটি রয়েছে সেটি দিয়ে ট্রাক যেতে পারে না। খাদ্য গুদাম হতে কৃষ্ণনগর, বৃষ্ণপুর ইউনিয়নসহ বিভিন্ন ইউনিয়নে খাদ্যশস্য পরিবহনে প্রতি বছরে যে পরিমাণ পরিবহন ব্যয় হয় তা বহন করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে হিমশিম খেতে হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | খাদ্য গুদাম হতে খাদ্যশস্য পরিবহনের সুবিধার্থে কালিগঞ্জ উপজেলার কুশুলিয়া/ মথুরেশপুর ইউনিয়নের সুবিধাজনক স্থানে খাদ্য গুদামের জন্য জায়গা নির্ধারণসহ প্রস্তাব প্রেরণের পরবর্তী প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.১০। যমুনা পর্যটন শিল্প প্রতিষ্ঠা বিষয়কঃ<br>সভায় জানানো হয় যে, এ উপজেলায় পিরোজপুর মৌজায় মুক্তিযোদ্ধা স্মৃতিসংসদ সংলগ্ন ১ নং খাস খতিয়ানে ১.০৫ একরসহ পানি উন্নয়ন বোর্ড এবং সড়ক ও জনপথ বিভাগের অব্যবহৃত আরো ২(দুই) একর জমির উপর যমুনা পর্যটন শিল্প প্রতিষ্ঠার বিষয়ে আলোচনা করা হয়। | পিরোজপুর মৌজায় মুক্তিযোদ্ধা স্মৃতিসংসদ সংলগ্ন ১ নং খাস খতিয়ানে ১.০৫ একরসহ পানি উন্নয়ন বোর্ড এবং সড়ক ও জনপথ বিভাগের অব্যবহৃত ২(দুই) একর জমির উপর যমুনা পর্যটন শিল্প প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয় । এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.১১ কালিগঞ্জ বাস টার্মিনাল স্থানান্তর বিষয়কঃ<br>সভায় জানানো হয় যে, সাতক্ষীরা-শ্যামনগর মহাসড়কের কালিগঞ্জ ব্রীজের উত্তর পার্শে সামাদ স্মৃতি বলফিল্ড সংলগ্ন মহাসড়কের উপর বাস স্টান্ড থাকায় এবং যত্রতত্র বাস গাড়ী রাখার কারণে রাস্তা সার্বক্ষণিক যানজট থাকে। ফলে বিভিন্ন ইউনিয়নে দুর্যোগকালীন সময়ে মালামাল পরিবহন এবং দু'টি উপজেলার ৭ (সাত) লক্ষ মানুষের চলাচল, মুমূর্ষ রুগীর এ্যাম্বুলেন্সসহ স্কুলগামী, অফিসগামী, বিভিন্ন অফিস আদালত, জেলা সদরে যাতায়াতসহ পৃথিবীর শ্রেষ্ঠ ম্যানগ্রোভ সুন্দরবন বিশাল পর্যটন শিল্পের যাতায়াতের একমাত্র রাস্তার উপর বাস টার্মিনাল থাকায় আপদকালীন, দুর্যোগকালীন জনজীবনে চরম দুর্ভোগসহ বিভিন্ন সময়ে রাস্তায় বিগত সময়ে প্রায় ৫০ জন রোগীর মৃত্যুর কথা কালিগঞ্জ নাগরিক সভায় আলোচনায় উঠে এসেছে। জন দুর্ভোগ কমাতে এবং অস্বাভাবিক মৃত্যুর হাত থেকে জনজীবন রক্ষার্থে কাঁকশিয়ালী নদীর দক্ষিণ পাড়ে ব্রীজের পূর্ব পাশে সড়ক ও জনপথের প্রায় ১.৭ একর সম্পত্তি ( যা আস্তে আস্তে অবৈধ দখলদারদের হাতে চলে যাচ্ছে) অবৈধ দখলদারদের উচ্ছেদ পূর্বক টার্মিনালটি স্থানান্তর করে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনে নির্বিঘ্ন সড়ক যোগাযোগ ব্যবস্থার দৃষ্টান্তমূলক পদক্ষেপ | কাঁকশিয়ালী নদীর দক্ষিণ পাড়ে ব্রীজের পূর্ব পাশে সড়ক ও জনপথের প্রায় ১.৭ একর সম্পত্তি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদ পূর্বক টার্মিনালটি স্থানান্তর করে বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উদযাপনে নির্বিঘ্ন সড়ক যোগাযোগ ব্যবস্থার দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । টার্মিনালটি স্থানান্তরের ফলে সামাদ স্মৃতি ফুটবল মাঠটি (যার একটি অংশ টার্মিনাল হিসাবে ব্যবহৃত হচ্ছে) স্টেডিয়াম করার সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ সাতক্ষীরা<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| গ্রহণের বিষয়ে আলোচনা হয় । টার্মিনালটি স্থানান্তরের ফলে সামাদ স্মৃতি ফুটবল মাঠটি (যার একটি অংশ টার্মিনাল হিসাবে ব্যবহৃত হচ্ছে) স্টেডিয়াম করার বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ৪। উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত ঃ<br><br>৪.১। সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী জানানো হয় যে, নতুন উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বিগত ৩০/১০/২০১৯ তারিখ যোগদান করেছেন। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি রং করণসহ টুকিটাকি মেরামত করা প্রয়োজন বিধায় সরেজমিনে বাসাটি পরিদর্শন করে ৬৫,২৫০/- (পঁয়ষটি হাজার দুইশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি রং করণসহ টুকিটাকি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ৬৫,২৫০/- (পঁয়ষটি হাজার দুইশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় ।<br>প্রকল্পটি নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সম্পন্ন করার এবং ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্পের নামঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন টুকিটাকি মেরামত ও রং করণঃ বরাদ্দ ৬৫,২৫০/- (পঁয়ষট্রি হাজার দুইশত পঞ্চাশ) টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ<br>(১)উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান- আহবায়ক<br>(২) চেয়ারম্যান, দক্ষিণ শ্রীপুর ইউনিয়ন পরিষদ- সদস্য- সচিব<br>(৩)জনাব পিয়ার আলী, ইলেকট্রিশিয়ান, প্রকৌশল দপ্তর, কালিগঞ্জ- সদস্য<br>(৪)জনাব মোঃ শফিকুল ইসলাম, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য<br>(৫)জনাব মোঃ আকরাম হোসেন, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, কালিগঞ্জ- সদস্য। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ২০১৯-২০ অর্থ বছরে কালিগঞ্জ উপজেলা পরিষদের বিদ্যমান Conference Room মেরামত কাজের ৫,৭৯,২৭৬/- টাকার প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত ঃ<br><br>উপজেলা প্রকৌশলী ও প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী জনাব শামছুল আলম সভায় জানান যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের বিদ্যমান Conference Room মেরামত কাজের ৫,৭৯,২৭৬/- টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়। প্রাক্কলনটি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনা ক্রমে ৫,৭৯,২৭৬/- ( পাঁচলক্ষ উনআশি হাজার দুইশত ছিয়াত্তর) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৫। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত ঃ<br>৫.১। কালিগঞ্জ সরকারী কলেজ মোড়-গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়কের বিভিন্ন চেইনেজে গর্ত মেরামত সংক্রান্তঃ<br><br>কালিগঞ্জ সরকারী কলেজ মোড়-গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়কের বিভিন্ন চেইনেজে গর্ত খানাখন্দ হওয়ায় জনগন্ ও যানবাহন চলাচলের উপযোগী করার জন্য উক্ত সড়কের বিভিন্ন চেইনেজে মেরামতের কাজের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে সরেজমিনে যাচাই করে উক্ত সড়ক মেরামত কাজের ৭৩,৮৮৪/- টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়। প্রাক্কলনটি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। | কালিগঞ্জ সরকারী কলেজ মোড়-গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়কের বিভিন্ন চেইনেজে গর্ত খানাখন্দ হওয়ায় তাৎক্ষণিক ভাবে জনগণ ও যানবাহন চলাচলের উপযোগী করার জন্য উক্ত সড়কের বিভিন্ন চেইনেজে মেরামতের কাজের জন্য ৭৩,৮৮৪/- (তিয়াত্তর হাজার আটশত চুরাশি) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। প্রকল্পটি নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>(১) জনাব মোঃ খায়রুল আলম, ইউ,পি সদস্য কুশুলিয়া- সদস্য<br>(২) জনাব মোঃ আলতাব হোসেন, সমাজসেবক,কালিগঞ্জ- সদস্য | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| | (৩) জেনাব মোঃ পিয়ার আলী, ইলেকট্রিশিয়ান,উপজেলা প্রকৌশল দপ্তর, কালিগঞ্জ- সদস্য<br>(৪)- জনাব মোঃ আব্দুস সালাম,সমাজসেবা অফিস, কালিগঞ্জ- সদস্য<br>(৫) জনাব মো সাজেদুর রহমান, সাংবাদিক, কালিগঞ্জ- সদস্য<br>(৬) মোছাঃ খদেজা বেগম, ইউপি সদস্য, কুশুলিয়া- সদস্যা<br>(৭) জনাব মোঃ আকরাম হোসেন, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, কালিগঞ্জ- সদস্য | |
| ৫.২। কালিগঞ্জ ফুলতলা মোড় হতে কালিগঞ্জ উপজেলা পরিষদ বিসি রোড সংস্কার টাকা ১,৯৯,৯৫৭/- (একলক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতান্ন ) ( Part-A ) ।<br>সভায় জানানো হয় যে, কালিগঞ্জ ফুলতলা মোড় হতে কালিগঞ্জ উপজেলা পরিষদ বিসি রোড সংস্কার টাকা ১,৯৯,৯৫৭/- (একলক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতান্ন )টাকা ( Part-A ) প্রকল্পটি বিগত২৮/০৮/২০১৯ তারিখের সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গ্রহণ করা হয়। প্রকল্পটি রাজস্ব তহবিলের পরিবর্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে গ্রহণ ও বিল পরিশোধের বিষয়ে আলোচনা হয় । | কালিগঞ্জ ফুলতলা মোড় হতে কালিগঞ্জ উপজেলা পরিষদ বিসি রোড সংস্কার ( Part-A ) টাকা ১,৯৯,৯৫৭/- (একলক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতান্ন ) প্রকল্পটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে একই প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন ও বিল উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>২।উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>৩। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৫.৩। কালিগঞ্জ ফুলতলা মোড় হতে কালিগঞ্জ উপজেলা পরিষদ বিসি রোড সংস্কার টাকা ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা ( Part-B )<br>সভায় জানানো হয় যে, কালিগঞ্জ ফুলতলা মোড় হতে কালিগঞ্জ উপজেলা পরিষদ বিসি রোড সংস্কার টাকা ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা ( Part-B ) প্রকল্পটি বিগত২৮/০৮/২০১৯ তারিখের সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গ্রহণ করা হয়। প্রকল্পটি রাজস্ব তহবিলের পরিবর্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে গ্রহণ ও বিল পরিশোধের বিষয়ে আলোচনা হয় । | কালিগঞ্জ ফুলতলা মোড় হতে কালিগঞ্জ উপজেলা পরিষদ বিসি রোড সংস্কার ( Part-B ) টাকা ১,৯৯,৯৫৭/- (একলক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতান্ন ) প্রকল্পটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে একই প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন ও বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>২।উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>৩। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন এবং এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে বর্ণিত প্রকল্পসমুহ বাস্তাবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। তাছাড়া এ উপজেলার শতভাগ মানুষকে বিশুদ্ধ সুপেয় পানি সরবরাহ, স্কুলগামী সকল রাস্তা পাকাকরণ, মার্চ/১৯ এর মধ্যে এডিপি'র টেন্ডার করার বিষয়ে উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা